# হরমুজ প্রণালী নিয়ে আঞ্চলিক বৈঠক স্থগিত করল ওমান



হরমুজ প্রণালী।

হরমুজ প্রণালি দিয়ে নতুন একটি সামুদ্রিক পথ চালুর বিষয়ে আলোচনার জন্য ওমানের সালালায় সোমবার (১৪ সেপ্টেম্বর) নির্ধারিত আঞ্চলিক বৈঠক স্থগিত করা হয়েছে।

রোববার (১৩ সেপ্টেম্বর) রাতে ওমানের পররাষ্ট্র মন্ত্রণালয় জানায়, গঠনমূলক সংলাপের উপযোগী পরিবেশ তৈরির লক্ষ্যেই বৈঠকটি স্থগিত করা হয়েছে। আঞ্চলিক নিরাপত্তা, স্থিতিশীলতা ও দীর্ঘমেয়াদি সহযোগিতার পক্ষে কার্যকর আলোচনার পরিবেশ তৈরি করতে এ সিদ্ধান্ত নেওয়া হয়েছে। খবর আনাদোলু এজেন্সির।

ওমানের পররাষ্ট্রমন্ত্রী বদর আলবুসাইদি সামাজিক যোগাযোগমাধ্যম এক্সে বলেন, ঐকমত্যের স্বার্থে সালালার বৈঠকটি স্থগিত করা হয়েছে। তবে বৈঠকের নতুন তারিখ বা স্থগিতের বিস্তারিত কারণ তিনি জানাননি।

ইরানকে নিয়ে প্রস্তাবিত আঞ্চলিক মন্ত্রী পর্যায়ের বৈঠকে বাহরাইন অংশ নিতে অস্বীকৃতি জানানোর একদিন পর ওমানের বৈঠক স্থগিতের ঘোষণা এলো।

LENS ASIA